# আক্কিলা ও প্রিস্কিল্লা নতুন বিশ্বাসীদের পরামর্শ দান করেছিলেন

শিশুদের যারা শিক্ষা দেন তাদের M1b অধ্যয়ণ করা উচিত।

**প্রার্থনা ঃ** ''স্বর্গের বাবা, যে সমস্ত লোকদেরকে তারা সেবা করে তাদেরকে গড়ে তুলতে আমাকে নতুন নেতাদের পরামর্শ দান করতে সাহায্য কর। আমি যাদেরকে পরামর্শ দান করি তাদেরকে অন্যান্য নতুন নেতাদের শিক্ষা দান করতে সাহায্য কর। যাতে এইভাবে পৃথিবীর উপরে তোমার রাজ্য বিস্তার করে।''

**১. অন্যদের পরামর্শ দান করার জন্য আপনার হৃদয়কে ঈশ্বরের বাক্য সহ প্রস্তুত করুন।**



আক্কিলা ও প্রিস্কিল্লা, আপল্লোকে কি ভাবে শিক্ষা প্রদান করেছিলেন, তা প্রেরিত ১৮ঃ২৪-২৮ অংশে অণ্বেষণ করুন ঃ

- আক্কিলা ও প্রিস্কিল্লা কখন আপল্লোকে শিক্ষা প্রদান করেছিলেন, তার উপদেশ শোনার আগে না পরে, যার দ্বারা তারা বুঝেছিলেন, তাদের কিসের অভাব আছে?
- আপল্লোর কিসের ঘাটতি আছে তা বুঝতে তার উপদেশ মনযোগ সহকারে শোনার পর আক্কিলা ও প্রিস্কিল্লা, তাকে কোথায় শিক্ষা প্রদান করেছিলেন ?
- আক্কিলা ও প্রিস্কিল্লার গৃহে শিক্ষা প্রাপ্ত হবার পর আপল্লো কি করেছিলেন ? (২৭ ও ২৮ পদ দেখুন)
- আক্কিল্লা ও প্রিস্কিল্লা একত্রে একটি দল রূপে খ্রীষ্টের সেবার জন্যে ঐক্যে কাজ করেছিলেন। আপনার পালের মধ্যে যারা বিবাহিত আছেন তাদেরকে ঐ রকম একত্রে কাজ করার ব্যাপারে আপনি কি ভাবে সাহায্য করতে পারেন ?

দুইরকম পদ্ধতিতে নেতাদের প্রশিক্ষণ দিন ঃ

১। একদল লোকদের সাথে বলার মাধ্যমে, যেমনভাবে যীশু লোকের ভিড়কে শিক্ষা দেবার সময় করেছিলেন।

২। একটি ছোট দলকে শিক্ষা দেবার মাধ্যমে, যেমন ভাবে যীশু তাঁর প্রেরিতদের তৈরী করার জন্যে করেছিলেন।

এই দুইটি প্রশিক্ষণ পদ্ধতির মধ্যে ভারসাম্য বজায় রাখুন।

- নতুন নেতা ও উপাসক মন্ডলীগুলি হল সদ্যোজাত শিশুদের মত, যাদের প্রয়োজনগুলি অতি জরুরী। তাদের প্রয়োজন এমন কাউকে যিনি তাদেরকে শিক্ষা দেবেন এবং এরজন্য তার একটু অভিজ্ঞতা থাকবে।
- পুরাতন উপাসক মন্ডলী ও পরিপক্ক নেতাদের জন্য বেশী মনযোগের প্রয়োজন নেই। যীশুর মত পৌল, তাঁর প্রশিক্ষার্থীদের শিক্ষা দেওয়া তখনই বন্ধ করেছিলেন, যখন তিনি দেখেছিলেন যে তারা, তাঁর অনবরত সাহায্য ছাড়াই সেবা কাজ চালিয়ে যেতে সক্ষম।
- যাদের প্রয়োজন আছে তাদের জন্য কর্মশালা এবং সংক্ষিপ্ত কোর্সের ব্যবস্থা করুন। কিন্তু এগুলি নতুন নেতাদের সব প্রয়োজন মেটায় না। পৌল এবং যীশু যেমন ভাবে তাঁদের শিক্ষার্থীদের শিক্ষা প্রদান করেছিলেন সেইরূপ ভাবে তাদেরকে শিক্ষা দিন।

একজন নেতা কিভাবে অন্যদের শিক্ষাদান করে থাকেন ? এই সাতটি বিষয়কে করার জন্য মুখস্থ রাখুন।

- দলটি ছোট রাখুন। প্রত্যেক শিক্ষার্থীকে সাহায্য করার জন্যে সময় দিন।
- পালকত্বের দক্ষতার আদর্শ স্থাপন করুন। এমন ভাবে তা করুন যাতে তা সহজেই অনুকরণ যোগ্য হয়।
- প্রত্যেক শিক্ষার্থীর প্রতিবেদন শুনুন। আপনার সাথে তাদের শেষ মিটিং এর পর থেকে, প্রত্যেক শিক্ষার্থী এবং তাদের পাল যা যা করেছে এবং পালের যা যা দরকার আছে তার প্রতিবেদন প্রত্যেক শিক্ষার্থীকে দিতে বলুন।
- প্রত্যেক শিক্ষার্থীকে কার্যকলাপের পরিকল্পনা করার জন্যে সাহায্য কর। তাদের প্রয়োজন মেটাবার জন্য তারা এবং তাদের পাল কি করবে তা লিখুন। যে সমস্ত কার্যকলাগুলি নতুন নিয়মে বলা আছে সেগুলির যদি এখনও পর্যন্ত ঘাটতি থাকে অথবা যদি দূর্বল হয় তবে সেগুলিকে গড়ে তুলুন। অপ্রাসঙ্গিক সমস্যাগুলির জন্য বেশী সময় দেওয়াকে এড়িয়ে চলুন। পরামর্শ দানের প্রত্যেক সভাগুলিতে নতুন এমন কিছু যোগ করুন যা নতুন উপাসক মণ্ডলীকে গড়ে তুলবে।
- তারা যা পাঠ করে তা শিক্ষার্থীদের আপনাকে বলতে বলুন। পূর্বের দেওয়া পড়ার বিষয় থেকে তারা কি শিক্ষা করেছে।
- নতুন পড়ার বিষয় দিন। উপলব্ধ পড়ার তালিকাটি মনযোগ সহকারে দেখুন এবং সেই সমস্ত পাঠ্যবিষয়কে বেছে নিন যেগুলি প্রত্যেক ছাত্রের পরিকল্পনার সাথে মানানসই হয়। প্রত্যেক শিক্ষার্থী একই বিষয় অধ্যয়ণ করবে না।
- একে অন্যের জন্য প্রার্থনা কর। নির্দেশনা ও শক্তির এবং যাদের সেবা করছেন সেই সমস্ত লোকদের জন্য প্রার্থনা করুন।

শাস্ত্রীয় পরামর্শ দানের 'শৃঙ্খলা (→চিহ্ন কে কাকে পরামর্শ দান করেছিল তা নির্দেশ করে)

যিথ্রো → মোশি →ইস্রায়েলের প্রাচীনদের যারা ইস্রায়েলীয়দের পালকত্ব করেছিল।

মোশি →যিহোশূয়, যিনি প্রতিজ্ঞাত দেশ অধিকারের জন্য ইস্রায়েলীয় সৈন্যদের নির্দেশনা দিয়েছিলেন।

দেবোরা →বারুক, যিনি প্রতিমাপূজক কনানীয়দের পরাস্ত করার জন্যে ইস্রায়েলীয় সৈন্যদের নেতৃত্ব দিয়েছিলেন।

এলি →শমূয়েল →রাজা শৌল এবং রাজা দায়ুদ।

নাথন দায়ুদ →শলোমন →শিবা দেশের রানী

এলিয় →ইলিশায় →রাজা যিহোয়াহস।

দানিয়েল →নবুখদনিৎসর।

মর্দখয় →ইষ্টের

যীশু →তাঁর প্রেরিতরা →নতুন উপাসক মন্ডলীর প্রাচীনরা

ফিলিপ →ইথিওপিয়ার রাজকর্মচারী

প্রিষ্কিল্লা এবং আক্কিল্লা →আপল্লো

পৌল →তীমথিয় →বিশ্বস্ত মানুষদের →''অন্যদেরও'' (২ তীমথিয় ২ঃ২)

২. **আসন্ন সপ্তাহে তারা যে সমস্ত কার্যকলাপগুলি করবে সে বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

- আপনার পালের মধ্যে যে কোনও সেই সমস্ত বিশ্বাসীদেরকে পরিদর্শন করুন, যাদের আপনি মনে করেন যে তাদেরকে নেতা হিসাবে সেবা কাজ করা উচিত। একজন পরামর্শদাতার ব্যবস্থা করুন যিনি প্রত্যহ তাদের সাথে মিলিত হবেন এবং শিক্ষা দেবেন।
- যদি সেই অঞ্চলে অন্যান্য উপাসক মন্ডলীগুলিতে এমন নেতারা থাকেন যাদের পরামর্শ দানের প্রয়োজন আছে তবে তাদের পরিদর্শন করুন এবং এ বিষয়ে সাহায্য করুন।
- যে কোনও বিষয়ে নির্দেশনার প্রয়োজন আছে এমন যে কোনও বিশ্বাসী অথবা বন্ধুদের পরিদর্শন করুন। তাদের কিসের প্রয়োজন আছে তা বুঝতে তাদের কথা শুনুন এবং সেবা করার সুযোগ বের করুন।

৩. **আসন্ন আরাধনার সময় সম্পর্কে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

এমন কার্যকলাপ সমূহ বেছে নিন যা স্থানীয় রীতি এবং প্রয়োজনের সাথে মানান সই হয়, এবং নতুনদের শিক্ষা প্রদানের নিমিত্ত এবং যাদের সাহায্যের প্রয়োজন তাদের সাহায্য করার জন্যে শক্তি প্রাপ্ত হতে প্রার্থনা করুন।

আক্কিল্লা এবং প্রিষ্কিল্লা, আপল্লোকে কি ভাবে শিক্ষা প্রদান করেছিলেন সে বিষয়ে বলুন অথবা অভিনয় করে দেখান। প্রথম ভাগে তাদের সম্বন্ধে যা শিক্ষা করেছেন সে বিষয়ে আলোচনা করুন।

দুইটি প্রশিক্ষণ প্রণালীর মধ্যে কিভাবে ভারসাম্য রাখা যায় সে বিষয়ে আলোচনা করুন (প্রথম ভাগ থেকে) এবং বাইবেল থেকে সেই সমস্ত ব্যক্তিদের বিষয়ে বলুন যারা অন্যদের শিক্ষা প্রদান করেছিল। (প্রথম ভাগ)

পৌল-তীমথিয় শিক্ষা প্রণালীর শৃঙ্খলাকে উপস্থাপন করে দেখান।

- প্রত্যেককে দাঁড়াতে বলুন এবং চারটি দল গঠন করতে বলুন। তাদেরকে পরস্পরের থেকে আলাদা করে দিন। ব্যাখ্যা করুন যে প্রত্যেক দল হল এক একটি নগর।
- কাউকে ২ তীমথিয় ২ঃ২ পাঠ করতে বলুন। ব্যাখ্যা করুন যে এই পদটি উপাসক মন্ডলীর বৃদ্ধি পাওয়ার চারটি শৃঙ্খলাকে প্রকাশ করে। এগুলি হল ঃ ১) আন্তিয়খীয়াতে পৌল ২) ইফিষীয়তে তীমথিয় ৩) ''বিশ্বস্তরা'' যাদের মধ্যে কিছুজন কলসীয়তে ছিল এবং ৪) ''অন্যরাও'' যাদেক মধ্যে কিছুজন লায়দিকেয়াতে বাস করত।

১) আন্তিয়খীয়া। পৌল এবং বার্ণবা সর্বপ্রথম আন্তিয়খিয়া থেকেই ঈশ্বরের বাক্যকে বহন করে নিয়ে গিয়ে ছিলেন। প্রথম দলের দুজন সদস্যকে একটি বাইবেলকে বহন করে দ্বিতীয় দলে যেতে বলুন যেটা হল ইফিষীয়।

২) ইফীষিয়। পৌল তীমথিয়কে শিক্ষা প্রদান করেছিলেন যাকে তিনি ইফীষিয়তে ঈশ্বরের কার্য্য এগিয়ে নিয়ে যাবার জন্য রেখে এসেছিলেন।

৩) কলসীয়। তীমথিয় ‘‘বিশ্বস্ত লোকদেরকে’’ শিক্ষা দিয়েছিলেন। এরা ছিলেন ইফিষীয় এবং কলসীয়ের প্রাচীনেরা যার মধ্যে ইপাফ্রাও ছিলেন। (কলসীয় ১ঃ১-৮)

৪) লায়দিকেয়া। কলসীয় ইপাফ্রা লায়দিকেয়ার ‘‘অন্যদেরও’’ শিক্ষা দান করেছিলেন। কলসীয় ৪ঃ১২-১৩ যিথ্রো, মোশিকে কিরূপে শিক্ষা দান করেছিলেন তা উপস্থাপনের মাধ্যমে করে দেখান অথবা পড়ে শোনান। যাত্রা পুস্তক ১৮

বিশ্বাসীরা বর্তমানে যে সমস্ত শিক্ষাদান পর্ব সমাপ্ত করেছে তার প্রতিবেদন দিতে বলুন।

শিশুরা যে সমস্ত কবিতা এবং নাটক প্রস্তুত করেছে তা তাদেরকে বলতে বলুন।

দুই অথবা তিনজনের দল গঠন করে পরিকল্পনা আলোচনা করুন।

এলিয় ভাববাদী কিরূপে ইলিষায়কে তৈরী করেছিলেন তা শিশুদেরকে নাটক আকারে প্রস্তুত করতে বলুন। শিশুরা প্রাপ্তবয়স্কদের এর উপর তৈরী প্রশ্নগুলিকে জিজ্ঞাসা করতে পারে।

প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য রোমীয় ১৬ঃ৩-৫ পাঠ করুন এবং ব্যাখ্যা করুন যে, আক্কিল্লা ও প্রিষ্কিল্লা রোম, ইফিষীয় (১ করিন্থীয় ১৬ঃ১৯) এবং খুব সম্ভবত করিন্থীয়তে গৃহমন্ডলী স্থাপন করেছিলেন। আর এটা আমাদের প্রেরিতদের সময়ে বিশ্বাসী কোথায় প্রভুর ভোজ পালন করত, তার বিষয়ে স্মরণ করিয়ে দেয়। তারা ছোট ছোট দলে রুটি ভাঙত, যাতে প্রত্যেক বিশ্বাসী একে অন্যের সাথে নিকট সহভাগীতা উপভোগ করতে পারত।

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net